স্বাস্থ্যের সাবেক ডিজি আবুল কালামকে দুদকে তলব

করোনাভাইরাস (কোভিড-১৯) মোকাবেলায় মাস্ক ও পারসোনাল প্রোটেকটিভ ইকুইপমেন্ট (পিপিই) কেলেঙ্কারি ও রিজেন্ট হাসপাতালের অনিয়ম অনুসন্ধানে স্বাস্থ্য অধিদপ্তরের সাবেক মহাপরিচালক আবুল কালাম আজাদকে জিজ্ঞাসাবাদের জন্য তলব করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

আগামী ১২ ও ১৩ আগস্ট তাকে দুদকের প্রধান কার্যালয়ে হাজির হতে বলা হয়েছে। আজ বৃহস্পতিবার (৬ আগস্ট) দুদকের পরিচালক (জনসংযোগ) প্রণব কুমার ভট্টাচার্য্য এই তথ্য নিশ্চিত করেছেন।

চিঠিতে বলা হয়েছে, আগামী ১২ আগস্ট মাস্ক ও পিপিই’র বিষয়ে জিজ্ঞাসাবাদের জন্য এবং ১৩ আগস্ট রিজেন্ট হাসপাতাল কেলেঙ্কারির অভিযোগে হাজির হতে বলা হয়েছে।
এর আগে সমালোচনার মুখে আবুল কালাম আজাদ গত ২১ জুলাই জনপ্রশাসন মন্ত্রণালয়ে পদত্যাগপত্র জমা দেন। প্রক্রিয়া শেষে ২২ জুলাই তাঁর পদত্যাগপত্র গ্রহণ করা হয়।

পরের দিন ২৩ জুলাই স্বাস্থ্য অধিদপ্তরের নতুন মহাপরিচালক (ডিজি) হিসেবে নিয়োগ পেয়েছেন ঢাকা মেডিকেল কলেজের সার্জারি বিভাগের অধ্যাপক ডা. আবুল বাশার মোহাম্মদ খুরশীদ আলম।

সূত্র- বিডি প্রতিদিন

মেডিকেল টেকনোলজিস্ট নিয়োগ না দিতে আইনি নোটিশ

নিয়োগ প্রক্রিয়া অনুসরণ করা ছাড়া মেডিকেল টেকনোলজিস্ট পদে নিয়োগ না দিতে স্বাস্থ্য সচিব ও স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালককে আইনি নোটিশ দেওয়া হয়েছে। গতকাল বুধবার তিনজন

আবেদনকারীর পক্ষে সুপ্রিম কোর্টের আইনজীবী শেখ হাসান আলী এই নোটিশ পাঠান।

মেডিকেল টেকনোলজিস্ট পদে নিয়োগ বিজ্ঞপ্তি জারি করার পর প্রক্রিয়া চলমান থাকা অবস্থায় এই প্রক্রিয়ার বাইরে স্বেচ্ছাসেবক নামধারী মেডিকেল টেকনোলজিস্টদের নিয়োগ দেওয়ার উদ্যোগ নেওয়ায় ছয়জনকে লিগ্যাল নোটিশ দিয়েছেন সুপ্রিম কোর্টের এই আইনজীবী।

বিশেষ বিবেচনায় ১৮৩ মেডিকেল টেকনোলজিস্টকে সরাসরি স্থায়ী নিয়োগ দেওয়ার পর নতুন করে ৮৮৯ পদে নিয়োগের জন্য স্বাস্থ্য অধিদপ্তর গত ২৯ জুন নিয়োগ বিজ্ঞপ্তি জারি করে। সেই মোতাবেক ২০ জুলাই চাকরিপ্রার্থীদের আবেদনের শেষ তারিখ নির্ধারিত ছিল।

এই প্রক্রিয়াকে পাশ কাটিয়ে নিয়োগ বিধি-বহির্ভূতভাবে স্বেচ্ছাসেবক নামধারী মেডিকেল টেকনোলজিস্টদের সরাসরি স্থায়ী নিয়োগের তৎপরতা চালাচ্ছে স্বাস্থ্য অধিদপ্তর।

সূত্র- বিডি-প্রতিদিন

মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল করোনা মুক্ত

মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রির সভাপতি হাজী মোঃ গোলাম রসুল করোনা মুক্ত হয়েছেন।

মঙ্গলবার দিবাগত রাতে করোনা ভাইরাস ফলোআপ নেগেটিভ রিপোর্ট এসেছে।

গত ১৭ জুলাই করোনা ভাইরাস সন্দেহে সোয়াব পরীক্ষার জন্য জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুলের নমুনা পাঠানো হয়েছিল। ওই নমুনা তে তার পজিটিভ রিপোর্ট আসে।

১৫ দিন চিকিৎসা নেওয়ার পর রিপোর্ট ২ সপ্তাহ পর আবার নমুনা পাঠানো হয়েছিল । এতে এবার তার নেগেটিভ রিপোর্ট এসেছে।

বর্তমানে গোলাম রসুল সম্পূর্ণ সুস্থ রয়েছেন বলে তিনি জানান।

গাংনী হাসপাতালে সংক্রমণ ঠেকাতে কোন ব্যবস্থাই নেয়নি কর্তৃপক্ষ

মেহেরপুরের গাংনী হাসপাতালের ডাক্তার,নার্স সহ ৬জন করোনা আক্রান্ত হয়েছে। সংক্রামণ ছড়িয়ে পড়ায় আশঙ্কায় হাসপাতালে কর্মরত ও সেবা নিতে আসা রুগী ও তার স্বজনরা পড়েছে বিপাকে। এছাড়া গাংনী হাসপাতালের সিনিয়র স্টাফ নার্স আমেনা খাতুনের স্বামী আবু শামা ও মেডিক্যাল টেকনোলজি ল্যাব সুনিতা রানীর স্বামী অশোক চদ্র বিশ্বাস করোনা পজেটিভ।

হাসপাতাল থেকে করোনা সংক্রামিত হয়েছেন বলে ধারনা তাদের। ইতোমধ্যে মেডিক্যাল টেকনোলজি ল্যাব সুনিতা রানীর করোনা পরীক্ষার জন্য নমুনা দিয়েছেন।

আক্রান্তরা হলেন,গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: রিয়াজুল আলম,আবাসিক মেড্যিাকল অফিসার ডা: সাদিয়া সুলতানা,ডা: হামিদুল ইসলাম,সিনিয়র স্টাফ নার্স আমেনা খাতুন,উপসহকারী কমিউনিটি মেড্যিাকল অফিসার তানভীর আহমেদ ও অফিস সহকারী আসাদুজ্জামান লিটন। এর মধ্যে গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: রিয়াজুল আলম সুস্থ হয়েছেন।

আক্রান্ত কয়েকজন ডাক্তার জানান,করোনা পরীক্ষার জন্য নমুনা নেয়ার ৫দিন পর ফলাফল পাওয়া গেছে। ঐ ৫দিন হাসপাতালের ইনডোর আউটডোরে রুগী দেখেছেন তারা। তাদের কাছ থেকে সংক্রমণ ছড়িয়ে পড়ার আশংখা করছেন স্থানীয়রা। এদিকে গাংনী হাসপাতালের সিনিয়র স্টাফ নার্স আমেনা খাতুনের করোনা পরীক্ষার জন্য নমুনা সংগ্রহ করলেও ফলাফল

পেতে কয়েকদিন সময় লেগেছে এর মধ্যে সে হাসপাতালের দুটি ওয়ার্ডেই কর্মরত ছিলো। তার কাছ থেকে অন্যান্য রুগী ও তার স্বজন ছাড়াও সহকার্মীরা সংক্রামিত হতে পারে বলে সন্দেহের সৃষ্টি হয়েছে।

এদিকে করোনা পজেটিভ ডাক্তার নার্স ও অফিস সহকারীর সংস্পর্শ আসা হাসপাতালের অন্যান্য কর্মীদের হোমকোয়ারেন্টাই না করায় ক্ষোভ জানিয়েছেন তার স্বজনরা। আক্রান্তদের কাছ থেকে করোনা সংক্রমণ ছড়িয়ে না পড়তে পারে এ জন্য কি ব্যবস্থা নিয়েছেন জানতে চাইলে গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: রিয়াজুল আলম বলেন, তিনি বলেন হাসপাতাল তো বন্ধ রাখা যাবেনা। সিমাবদ্ধার মধ্যেও সেবা দিতে হবে।

মেহেরপুরের সিভিল সার্জন ডা: মো: নাসির উদ্দীন জানান, এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: রিয়াজুল আলমকে নির্দেশনা দেয়া হয়েছে। উল্লেখ্য: গাংনী উপজেলায় মোট করোনা আক্রান্ত ৮৬,সুস্থ ৪০ ও মৃত্যু ৩ জন।

আলমডাঙ্গায় মাস্কবিহীন ২৪ জনকে জরিমানা

আলমডাঙ্গায় করোনাভাইরাস সংক্রান্ত স্বাস্থ্যবিধি না মানায় মাস্কবিহীন ২৪ জনকে জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

গতকাল বুধবার পৌর শহরের বিভিন্ন মোড়ে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী।

আদালত সূত্রে জানা গেছে, মার্চ মাস থেকে শুরু হওয়া করোনা মহামারি ৪ মাস অতিবাহিত হলেও এখনও আক্রান্তের হার উর্দ্ধমুখি রয়েছে। প্রতিদিনই প্রাণ হারাচ্ছেন অসংখ্য মানুষ। তবুও মানুষের মাঝে এখনও সেভাবে সচেতনতা গড়ে ওঠেনি।

অনেকেই মাস্কবিহীন বাড়ি থেকে বের হয়ে যত্রতত্র ঘুরে বেড়াচ্ছেন।

মানুষের মাঝে সচেতনতা তৈরী করতে বুধবারে এরকম ২৪ জনকে জরিমানা করা হয়েছে। এ সময় আদালতে নিরাপত্তার দায়িত্বে ছিলেন থানার এসআই সুফল।

একই সময়ে উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী নেতৃত্বে পৌর শহরে অটোচালক, মোটরসাইকেল চালক ও ভ্যান চালকরা স্বাস্থ্যবিধি না মানায় তাদের বেশকিছু বাহনকে জব্দ করে থানায় আটক রাখা হয়।

দেশে করোনায় আরো ৩৩ প্রাণহানি

গত ২৪ ঘণ্টায় দেশে করোনাভাইরাসে (কভিড-১৯) আক্রান্ত হয়ে আরো ৩৩ জনের মৃত্যু হয়েছে। এ মারণভাইরাসে আক্রান্ত হয়ে গতকাল ৫০ জনের প্রাণহানি ঘটে। এ পর্যন্ত করোনায় আক্রান্ত হয়ে মোট মৃত্যুবরণ করলেন ৩২৬৭ জন। গত ২৪ ঘণ্টায় মৃতদের মধ্যে ২৫ জন পুরুষ এবং ৮ জন নারী। গত ২৪ ঘণ্টায় নতুন করে শনাক্ত হয়েছেন ২৬৫৪ জন। গতকাল শনাক্ত হয়েছিলেন ১৯১৮ জন।

আজ বুধবার (৫ আগস্ট) দুপুরে স্বাস্থ্য অধিদপ্তরের করোনাভাইরাস সংক্রান্ত নিয়মিত হেলথ বুলেটিনে এসব তথ্য জানানো হয়। অনলাইন বুলেটিন উপস্থাপন করেন স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা।

ডা. নাসিমা সুলতানা বরাবরের মতো করোনাভাইরাস থেকে সুরক্ষিত থাকতে সবাইকে স্বাস্থ্যবিধি মেনে চলার আহ্বান জানান বুলেটিনে।

গোটা বিশ্ব এখন করোনাভাইরাসের ছোবলে বিপর্যস্ত। গত ডিসেম্বরে চীনের উহান শহর থেকে ছড়ায় এই ভাইরাস। এখন পর্যন্ত এ ভাইরাসে বিশ্বজুড়ে আক্রান্তের সংখ্যা এক কোটি ৮৭ লাখ ছাড়িয়েছে। মৃতের সংখ্যা ছাড়িয়েছে ৭ লাখ ৪ হাজার। তবে এক কোটি ১৯ লাখের বেশি রোগী এরই মধ্যে সুস্থ হয়েছেন।

গত ৮ মার্চ বাংলাদেশে প্রথম শনাক্ত হয় করোনাভাইরাস। করোনায়

আক্রান্ত হয়ে প্রথম মৃত্যুর ঘটনা ঘটে ১৮ মার্চ।

সূত্র- কালের কন্ঠ

সাবরিনা-আরিফের বিরুদ্ধে চার্জশিট প্রস্তুত ডিবির, বিকেলে দাখিল

করোনার ভুয়া সনদ দেওয়া, জালিয়াতি ও প্রতারণার অভিযোগে করা মামলায় জেকেজি হেলথকেয়ার চেয়ারম্যান ডা. সাবরিনা আরিফ চৌধুরী ও সিইও আরিফুল হক চৌধুরীসহ আটজনের বিরুদ্ধে চার্জশিট প্রস্তুত করেছে মামলার তদন্ত সংস্থা ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)।

আজ বুধবার (৫ আগস্ট) দুপুরের পর ঢাকা মহানগর হাকিম আদালতে চার্জশিটটি দাখিল করা হবে। এতে সাবরিনা ও আরিফকে মূল হোতা বলে উল্লেখ করা হয়েছে। বাকিরা প্রতারণা ও জালিয়াতি করতে তাদের সহযোগিতা করেছেন।

মামলার তদন্ত কর্মকর্তা ডিবি পুলিশের পরিদর্শক লিয়াকত আলী বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি আলী বলেন, সাবরিনা ও আরিফসহ আটজনের বিরুদ্ধে মামলার চার্জশিট প্রস্তুত করা হয়েছে। আজ দুপুরের পর চার্জশিটটি দাখিল করা হবে ঢাকা মহানগর হাকিম আদালতে।

এ মামলায় অভিযুক্ত অন্য আসামিরা হলেন আবু সাঈদ চৌধুরী, হুমায়ূন কবির হিমু, তানজিলা পাটোয়ারী, বিপ্লব দাস, শফিকুল ইসলাম রোমিও ও জেবুন্নেসা।

গত ২৩ জুন সাবরিনার স্বামী আরিফ চৌধুরীসহ ছয়জনকে গ্রেপ্তার করে পুলিশ। পরেরদিন ২৪ জুন আরিফ চৌধুরী ও সহযোগী সাঈদ চৌধুরীর দুই দিনের রিমান্ড মঞ্জুর করেন ঢাকা মহানগর হাকিম আদালত। তাদের জিজ্ঞাসাবাদেও বেরিয়ে আসে অনেক চাঞ্চল্যকর তথ্য। এর পর ১৫ জুলাই আরিফুলের ফের চার দিনের রিমান্ড মঞ্জুর করা হয়। ১৬ জুলাই রিমান্ডে মুখোমুখি হন আরিফ-সাবরিনা।

এর আগে গত ১২ জুলাই দুপুরে সাবরিনাকে তেজগাঁও বিভাগীয় উপ-পুলিশ (ডিসি) কার্যালয়ে এনে জিজ্ঞাসাবাদ করা হয় সাবরিনাকে। জিজ্ঞাসাবাদ শেষে তাকে করোনা সন্দেহে নমুনা পরীক্ষা না করেই ভুয়া রিপোর্ট দেওয়ার অভিযোগে তেজগাঁও থানায় করা মামলায় গ্রেপ্তার দেখায় পুলিশ। ১৩ জুলাই তাকে তিনদিনের রিমান্ডে নেওয়া হয়। ১৭ জুলাই আরো দুদিনের রিমান্ডে নেয় ডিবি। রিমান্ড শেষে ২০ জুলাই আদালত তাকে কারাগারে পাঠান।

সূত্র- কালের কন্ঠ

বিশ্বে প্রতি ১৫ সেকেন্ডে করোনায় মারা যাচ্ছে একজন

প্রাণঘাতী করোনা ভাইরাসে বিশ্বে প্রতি ১৫ সেকেন্ডে এক জনের প্রাণহানি ঘটছে। বিগত দুই সপ্তাহের তথ্য বিশ্লেষণ করে এই খবর জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স।

রয়টার্স তাদের প্রতিবেদনে জানায়, করোনায় বিশ্বজুড়ে গড়ে প্রতি ২৪ ঘণ্টায় প্রায় ৫ হাজার ৯০০ জনের মৃত্যু হচ্ছে। এতে প্রতি ঘণ্টায় দাঁড়ায় ২৪৭ জন বা প্রতি ১৫ সেকেন্ডে এক জন।

বার্তা সংস্থাটির প্রতিবেদন অনুযায়ী, বুধবারে বিশ্বে করোনায় মৃতের সংখ্যা ৭ লাখ ছাড়িয়েছে। মৃতের সংখ্যায় প্রথমের সারিতে রয়েছে যুক্তরাষ্ট্র, ব্রাজিল, ভারত ও মেক্সিকো এবং দেশগুলোতে এখনো বাড়ছে।

মাঝে যুক্তরাষ্ট্রে সংক্রমণ ও মৃতের সংখ্যা কমলেও দেশটিতে দুটোই ফের ঊর্ধ্বমুখী। বিগত সপ্তাহে দেশটিতে টানা চার দিন প্রতিনিয়ত ৬০ হাজারের বেশি শনাক্ত হয়েছে।

এছাড়া ভারতের প্রতিনিয়ত আক্রান্ত হচ্ছে ৫০ হাজারের বেশি জন করে। এদিকে ব্রাজিল ও মেক্সিকোতেও সংক্রমণ কমার লক্ষণ নেই। রয়টার্স, এনডিটিভি

আইপিএলে প্রশিক্ষণ শুরুর আগে ক্রিকেটারদের ‘৫ বার’ করোনা টেস্ট

বিসিসিআই’র পাঠানো প্রস্তুতির খসড়া অনুসারে সংযুক্ত আরব আমিরাতে প্রশিক্ষণ শুরুর আগে ভারতীয় ক্রিকেটার ও সাপোর্ট স্টাফদের কমপক্ষে পাঁচ বার কোভিড-১৯ টেস্ট দিতে হবে। শুধু তাই নয়, তাদের সেই রিপোর্ট নেগেটিভ হতে হবে। এছাড়াও আইপিএল চলাকালীন প্রতি পাঁচ দিন অন্তর এই পরীক্ষা করা হবে।

বিসিসিআই’র এক কর্মকর্তা এমনটাই জানিয়েছেন। সকল ভারতীয় খেলোয়াড় এবং সাপোর্ট স্টাফদের ভারতে নিজ নিজ দলগুলির সঙ্গে ১৪ দিনের কোয়ারেন্টাইন পিরিয়ডে যোগ দেওয়ার এক সপ্তাহ আগে ২৪ ঘন্টা আলাদা করে দু’টি কোভিড-১৯ অর্থাৎ আরটি-পিসিআর পরীক্ষা করতে হবে।

যদি কোনও ব্যক্তির রিপোর্ট পজিটিভ এসে তাকে ১৪ দিনের কোয়ারেন্টাইনে চলে যেতে হবে। ১৪ দিনপর তাঁকে ২৪ ঘন্টার ব্যবধানে দু’বার কোভিড-১৯ আরটি-পিসিআর পরীক্ষা করাতে হবে। সেই রিপোর্ট নেগেটিভ এলে তবে সেই ব্যক্তি আইপিএলে যোগ দেওয়ার জন্য সংযুক্ত আরব আমিরাতের বিমানে উঠতে পারবেন।

আইপিএলের ত্রয়োদশ সংস্করণ শুরু হবে ১৯ সেপ্টেম্বর। চলবে ১০ নভেম্বর পর্য। আমিরাতে পৌঁছনোর পরেও খেলোয়াড় ও সাপোর্ট স্টাফসহ সব কর্মীদের বায়ো বাবলের এর মধ্যে প্রবেশ করতে হবে। তবে তার আগে প্রত্যেকের কোভিড-১৯ টেস্টের রিপোর্ট তিনবার নেগেটিভ আসতে হবে। এই প্রোটোকলটিতে দলগুলির প্রতিক্রিয়ার উপর নির্ভর করে সামান্য পরিবর্তন হতে পারে তবে, খেলোয়াড় এবং দলের কর্মকর্তাদের সুরক্ষায় কোনও আপস করা হবে না।

সংযুক্ত আরব আমিরাতে পৌঁছনোর প্রথম সপ্তাহে খেলোয়াড় এবং দলের কর্মকর্তাদের হোটেলে একে অপরের সঙ্গে দেখা করতে দেওয়া হবে না। তারা তিনবার নেগেটিভ আসার পর তা করতে পারে। এরপরে তারা টুর্নামেন্টের বায়ো বাবলে প্রবেশের জন্য ছাড় পাবে এবং

প্রশিক্ষণ শুরুর অনুমতি মিলবে।

কিন্তু যে সব বিদেশী ক্রিকেটার সরাসরি আমিরাতে পৌঁছবেন, তাদের কী হবে? এই প্রশ্নের উত্তরে ওই কর্মকর্তা জানান, সকল বিদেশী খেলোয়াড় এবং সহায়তা কর্মীদেরও আমিরাতের বিমান ধরার আগে দু’টি কোভিড-১৯ আরটি-পিসিআর পরীক্ষা করাতে হবে। পরীক্ষাগুলি নেতিবাচক হলেই বিমানে উড়তে পারবে৷ যদি না হয় তবে একইভাবে তাদেরও ১৪ দিনের কোয়ারেন্টাইনে থাকবে হবে। পরে দু’টি নেগেটিভ রিপোর্ট হাতে পাওয়ার পর আমিরাতের ফ্লাইট ধরতে সক্ষম হবে।

সূত্র- বিডি-প্রতিদিন

ভালো আছেন তামিম

লন্ডন থেকে চিকিৎসক দেখিয়ে আসা ওয়ানডে অধিনায়ক তামিম ইকবাল ভালো আছেন। আপাতত তাকে নিয়ে উদ্বেগের কিছু নেই। জানালেন তামিমের চাচা ও বিসিবির ক্রিকেট পরিচালনা বিভাগের প্রধান আকরাম খান।

বেশ কিছুদিন ধরে পেটের পীড়ায় ভুগছেন তামিম। দেশে পরীক্ষা- নিরীক্ষা করিয়েছেন। কিন্তু সমস্যা ধরা পড়েনি। অনলাইনে লন্ডনের এক চিকিৎসকের পরামর্শ নিচ্ছিলেন। পেটের ব্যথা না সারায় সেই চিকিৎসকের পরামর্শে গত ২৫ জুলাই লন্ডন যান তামিম। সেখানে বেশ কিছু পরীক্ষা-নিরীক্ষা করিয়েছেন। রিপোর্ট পেতে সময় লাগবে। তাই গত শনিবার সকালে দেশে ফেরেন। রিপোর্ট হাতে পাওয়ার অপেক্ষায় আছেন। এরপর শুরু হবে চিকিৎসা।

আকরাম খান মঙ্গলবার যুগান্তরকে বলেন, ‘তামিম ভালো আছে। তাকে নিয়ে চিন্তার কোনো কারণ নেই। এখন লন্ডনের রিপোর্ট পাওয়ার অপেক্ষা। রিপোর্ট পেতে আরও কয়েকদিন লাগতে পারে।’

প্রাথমিক চিকিৎসা ও পরীক্ষা করিয়ে ঈদের দিন সকালে দেশে ফেরেন ওয়ানডে অধিনায়ক। ১৪ দিন আইসোলেশনে থাকবেন তামিম। সেজন্য ঐচ্ছিক অনুশীলনের দ্বিতীয় পর্বে যোগ দিতে পারছেন না বাঁ-হাতি ওপেনার। বিসিবির প্রধান চিকিৎসক দেবাশিস চৌধুরী যুগান্তরকে বলেন,

‘তামিমের বিষয়টি তার ব্যক্তিগত। সে যেসব পরীক্ষা করিয়েছে তার রিপোর্ট এখনও পায়নি। রিপোর্ট পেলে পরবর্তী করণীয় সম্পর্কে জানানো যাবে।’

শনিবার থেকে শুরু হচ্ছে ক্রিকেটারদের দ্বিতীয় পর্বের ব্যক্তিগত অনুশীলন। দুই সপ্তাহের বাধ্যতামূলক কোয়ারেন্টিনে থাকার কারণে তামিমের অনুশীলনে যোগ না দেয়ার সম্ভাবনাই বেশি। সেপ্টেম্বর-অক্টোবরে শ্রীলংকা সফরে যাওয়ার সম্ভাবনা আছে বাংলাদেশ দলের। এখনই বড় পরিসরে ক্রিকেটাররা অনুশীলন করতে পারছেন না। ব্যক্তিগত অনুশীলনের মাধ্যমে তাদের সম্পৃক্ত করতে চাইছে বিসিবি।